320

দৈনিক সংবাদ

তারিখ FEB. 1 6 1999
পৃষ্ঠা 8 কলাম 2

## উচ্চ বিদ্যালয়ের অনধিকার চর্চা (!)

সাম্প্রতিককালে ব্যাপকহারে দেশব্যাপী অবস্থিত উচ্চ বিদ্যালয়গুলোতে প্রাথমিক পর্যায়ের পাঠদান করা হচ্ছে। ফলে দেশে বিরাজমান প্রাথমিক বিদ্যালয় (সব ক্যাটাগরির) সমূহে প্রকৃতপক্ষে মেধাবী শিক্ষার্থী ভর্তি করার সুযোগ নষ্ট হচ্ছে। কারণ তারা উচ্চ শিক্ষার আশায় (অন্যূন ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষা গ্রহণ) উচ্চ বিদ্যালয় (প্রাথমিক শিক্ষা সংবলিত) সমূহে ভর্তির জন্য মরিয়া হয়ে চেষ্টা করে থাকে। প্রকারান্তরে কোচিং ব্যবস্থা, ডোনেশন প্রথা, লবিং কার্যক্রম শিশুদের মাঝে প্রভাব বিস্তার করে। এমতাবস্থায় প্রাথমিক বিদ্যালয়-সমূহের গুণগতমান বৃদ্ধির চেষ্টা এবং এই পর্যায়ে নিয়োজিত শিক্ষক/শিক্ষিকাদের মূল্যায়ন করার সুযোগ থাকে না। এমন কি প্রাথমিক শিক্ষকদেরকে অষ্টম শ্রেণী উত্তীর্ণ গাড়ি চালকের চেয়ে কম স্কেলে বেতন দেয়া হয় যা সত্যিই বিবেচনাযোগ্য। তাই প্রাথমিক পর্যায়ের শিক্ষা কার্যক্রম শুধুমাত্র প্রাথমিক বিদ্যালয়ে সীমিত রাখার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণে মাননীয় প্রধানমন্ত্রীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

প্রভাত চন্দ্র সরকার
এম.এস-সি, এম.এড
প্রধান শিক্ষক
শহীদ নবী মডেল সঃ প্রাঃ বিঃ
সূত্রাপুর, ঢাকা।